

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে বলা হয়, আখিরাতে মুমিনরা কি তাদের রবকে দেখবে?

উত্তর: বল, হ্যাঁ, তারা আখিরাতে তাদের রবকে দেখবে। তার স্বপক্ষে দলীল হচ্ছে আল্লাহ তা'আলার বাণী:

﴿ وُجُوهِ ؟ يَو ؟ مَثِذٍ نَّاصِرَةٌ ٢٢ إِلَىٰ رَبِّهَا نَاظِرَة؟ ٢٣ ﴾ [القيامة: ٢٢، ٢٣]

"সেদিন কতক মুখমণ্ডল হবে হাস্যোজ্জল। তারা তাদের রবের দিকে তাকিয়ে থাকবে"। [সূরা আল-কিয়ামাহ, আয়াত: ২২-২৩] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা অবশ্যই তোমাদের রবকে দেখবে"। হাদীসটি সহীহ বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন। মুমিনগণ তাদের মহান রবকে দেখার বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে মুতাওয়াতির সূত্রে অনেক হাদীস বর্ণিত হয়েছে। সাহাবীগণ এবং উত্তমভাবে তাদের অনুসারীরা এ ব্যাপারে ঐক্যমত্য পোষণ করেছেন। অতএব যে আল্লাহর দিদার অস্বীকার করল সে আল্লাহ ও তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরোধিতা করল এবং সাহাবীগণ ও উত্তমভাবে তাদের অনুসারী মুমিনদের পথের বিরুদ্ধাচরণ করল। তবে দুনিয়াতে দেখা সম্ভবপর নয়। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা তোমাদের রবকে মৃত্যুর পূর্বে দেখতে পাবে না"। অধিকন্তু আল্লাহর নবী মুসা আলাইহিস সালাম যখন দুনিয়াতে আল্লাহকে দেখার আবেদন করেছিলেন, তখন তিনি বলেছেন, তুমি আমাকে দেখতে পারবে না। যেমন- তার বাণীতে এসেছে—

(۱٤٢ إِلَيَّاكُ وَالْمَا جَاءَ مُوسَىٰ لِمِيقُتِنَا وَكَلَّمَهُ وَ رَبُّهُ وَالْمَالُ رَبِّ أَرِنِيَ أَنظُرا إِلَيَّكُ وَالْكَ الْمَالُ وَكَلَّمَهُ وَالْمَالُ وَكَلَّمَهُ وَالْمَالُ وَكَلَّمَهُ وَالْمَالُ وَالْمُوالُونُ وَالْمَالُ وَالْمَالُ وَالْمُعْمَالُ وَالْمَالُونُ وَالْمَالُونُ وَالْمَالُونُ وَالْمَالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمَالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمَالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمُوالُونُ وَالْمُعْلِيلُونُ وَالْمُؤْلِقُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَلِيلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُونُ وَلِمُونُونُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُلُونُ وَلِمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَلِمُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُونُ وَالْمُؤْلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُؤُلُونُ وَالْمُؤُلُونُ وَالْمُؤْلِقُلُونُ وَالْمُونُ وَالْمُؤْلِلُونُ وَالْمُؤْلِ

Source — https://www.hadithbd.com/books/link/?id=9940

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন